

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় হামলার শিকার আখতার হোসেন

ঢাকা
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

০৮
অক্টোবর,
২০২৩
১৪:২৯

শেয়ার

অ +

অ -



নতুন দল আত্মপ্রকাশের পর রিকশায় করে ক্যাম্পাস ত্যাগ করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় পরমাণু শক্তি কমিশনের কাছে আখতার হোসেনের ওপর হামলা করা হয়েছে। আজ বুধবার (৪ অক্টোবর) দুপুর ১টা ৪০ মিনিটের দিকে এ ঘটনা ঘটে।

এর আগে আজ সকাল সাড়ে ১১টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ভবনের সামনে এক সংবাদ সম্মেলনে সংগঠনের নাম ঘোষণা করেন আখতার হোসেন। সংবাদ সম্মেলনে এক বছর মেয়াদি ২১ সদস্যবিশিষ্ট কেন্দ্রীয় আঙ্গায়ক কমিটির ঘোষণা করা হয়।

এতে সদস্যসচিব করা হয় নাহিদ হাসানকে। এ সময় সংগঠনটির তিন মাস মেয়াদি ঢাবি শাখার আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়। ঢাবি কমিটির আহ্বায়ক আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া, সদস্যসচিব আবু বাকের মজুমদার।

সংবাদ সম্মেলনে গণতান্ত্রিক ছাত্রশক্তির লক্ষ্য ও উদ্দেশ্যগুলো উল্লেখ করা হয়।

এগুলো হলো- শিক্ষা ব্যবস্থায় পুনর্গঠন : চিন্তা বিনির্মাণ, জাতীয় চৈতন্য নির্মাণ, জ্ঞানভিত্তিক সমাজ গঠন, মানবসম্পদ উন্নয়ন, গবেষণাভিত্তিক শিক্ষাব্যবস্থা গঠনের লক্ষ্যকে সামনে রেখে প্রয়োজনীয় প্রস্তাবনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সংগঠন কাজ করা; রাজনৈতিক ব্যক্তি, পরিসর ও সংস্কৃতি নির্মাণ : দেশের রাজনৈতিক পরিসর ও সংস্কৃতি অকার্যকর হয়ে পড়েছে, যার ফলস্বরূপ দেশে নেমে এসেছে রাজনৈতিক দুঃশাসন আর ক্ষমতার ব্যবহার। রাজনৈতিক পরিসর ও সংস্কৃতি নির্মাণের মাধ্যমে রাজনৈতিক ব্যক্তি ও নেতৃত্ব তৈরিতে কাজ করা; শিক্ষার্থী কল্যাণ : ছাত্রসংগঠন হিসেবে সর্বদা ছাত্রকল্যাণমুখী চিন্তা এবং কার্যক্রম পরিচালনা করা হবে। শিক্ষার্থীদের অধিকার আদায়, শিক্ষার পরিবেশ

নিশ্চিত করা, আর্থিক, সামাজিক ও কাঠামোগত
প্রতিবন্ধকতা দূর করতে কাজ করা; ছাত্র-নাগরিক
রাজনীতি নির্মাণ : নাগরিক সমাজের সাথে
ছাত্রসমাজের রাজনৈতিক সংযোগ স্থাপন করা।
নাগরিক ও ছাত্রসমাজের স্বার্থ ও মুক্তিচিন্তার অভিন্নতা
ও পারস্পরিকতাকে সংরক্ষণ করা; রাষ্ট্র-রাজনৈতিক
ব্যবস্থা পুনর্গঠন : সভ্যতাগত রাষ্ট্র বিনির্মাণ, সমন্বয়মুখী
জাতীয়তাবাদের প্রসার ও জাতীয় সংহতি রক্ষণ করা,
রাজনৈতিক জনগোষ্ঠী তৈরি করা, কমিউনিটিকেন্দ্রিক
চিন্তা ও পরিকল্পনা গ্রহণ করা, জাতীয় প্রতিষ্ঠান ও
ক্ষমতার গণতন্ত্রায়ণ নিশ্চিত করার মধ্য দিয়ে রাষ্ট্র-
রাজনৈতিক ব্যবস্থার পুনর্গঠনে ছাত্রসমাজের
অংশগ্রহণ নিশ্চিত করতে সংগঠন কাজ করা।